# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৮৭

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - শুভ ও অশুভ লক্ষণ

## আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُعْجِبُهُ إِذَا خَرَجَ لِحَاجَةٍ أَنْ يَسْمَعَ: يَا رَاشِدُ يَا نَجِيحُ. رَوَاهُ التِّرْمِذِيُّ

## বাংলা

৪৫৮৭-[১২] আনাস (রাঃ) হতে বর্ণিত আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন প্রয়োজনে ঘর হতে রওয়ানা হতেন, তখন কারো মুখে ’ইয়া- রা-শিদ’ (হে সঠিক পথের অনুসারী!), ’ইয়া- নাজীহ’ (হে সফলতা লাভকারী!) বা এ জাতীয় কোন শব্দ শুনা পছন্দ করতেন। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৬১৬, আল জামি‘উস্ সগীর ৯১০৯৬, সহীহুল জামি‘ ৪৯৭৮, আল মু‘জামুল আওসাত্ব ৪১৮১, ‘ত্ববারানী’র আল মু‘জামুস্ সগীর ৫৪৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَا رَاشِدُ) ‘‘সরল পথের পথিক’’। (يَا نَجِيحُ) অর্থাৎ যার প্রয়োজন পূর্ণ হয়েছে তথা সফলতা লাভকারী।

যেহেতু হাদীসে বর্ণিত শব্দ বা নাম দু’টি সুন্দর অর্থবোধক, সেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একে ভালোবাসতেন। কারণ তিনি ভালো নাম ভালোবাসতেন এবং খারাপ নাম পরিবর্তন করে দিতেন। আরো একটি কারণ হলো উল্লেখিত নাম দু’টির মধ্যে সুসংবাদ আছে। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুসংবাদ দিতে বলেছেন,

بَشِّرُوا وَلَا تُنَفِّرُوا وَيَسِّرُوا وَلَا تُعَسِّرُوا ‘‘তোমরা সুসংবাদ দাও, দুঃসংবাদ দিও না এবং তোমরা সহজ কর, কঠিন করিও না’’- (মুত্তাফাকুন ‘আলায়হি)। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75311

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন